

২০২৩

## বাংলা - মাইনর

পত্র : MN-1

[বাংলা সাহিত্যের ইতিহাস (১৮০০ খ্রি. পর্যন্ত)]

পূর্ণমান - ৭৫

প্রাপ্তলিখিত সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক।

উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা বাঞ্ছনীয়।

- ১। (ক) চর্যাপদ-এর পুথি কে, কোথা থেকে আবিষ্কার করেন? এই গ্রন্থে কোন সময়ের বাংলা ভাষার পরিচয় পাওয়া যায়? চর্যাপদে প্রতিফলিত তৎকালীন বাংলার সমাজচিত্রের পরিচয় দাও। ২+১+১২
- অথবা,
- (খ) 'শ্রীকৃষ্ণকীর্তন' কাব্যের রচয়িতা কে? কোন শতাব্দীতে গ্রন্থটি রচিত হয়? বাংলা সাহিত্যের ইতিহাসে গ্রন্থটির গুরুত্ব নির্দেশ করো। ১+১+১৩
- ২। (ক) 'রামায়ণ'-এর অনুবাদক কবি কুন্তিবাসের পরিচয় দাও। তাঁর অনুদিত গ্রন্থটির মৌলিকতা বিচার করে বাঙালির সমাজজীবনে এর প্রভাব সম্পর্কে লেখো। ৩+৭+৫
- অথবা,
- (খ) 'চৈতন্যভাগবত'-এর কবি কে? তাঁর কাব্য প্রতিভার পরিচয় দাও। ১+১৪
- ৩। (ক) মধ্যযুগের বাংলা সাহিত্যের ইতিহাসে প্রণয়মূলক আখ্যান কাব্যগুলির সাহিত্যিক বিশেষত্ব কোনখানে? দৌলত কাজীর কাব্য প্রতিভার সম্যক পরিচয় দাও। ৫+১০
- অথবা,
- (খ) কবি ভারতচন্দ্রের কাব্যগুলির পরিচয় দিয়ে তাঁর কবিপ্রতিভার মূল্যায়ন করো। ৪+৬+৫
- ৪। (ক) টীকা লেখো : তুর্কি আক্রমণ। ৫
- অথবা,
- (খ) চর্যাপদের বিষয়বস্তুতে কোন ধর্মমতের উল্লেখ আছে? এর ভাষাকে 'সন্ধ্যাভাষা' বলা হয় কেন? ১+৪
- ৫। (ক) গোবিন্দদাস কবিরাজকে 'দ্বিতীয় বিদ্যাপতি' বলার কারণ উল্লেখ করো। ৫
- অথবা,
- (খ) টীকা লেখো : শ্রীকৃষ্ণবিজয়। ৫

Please Turn Over

৬। (ক) মঙ্গলকাব্যের উদ্ভবের কারণ উল্লেখ করো।

অথবা,

(খ) অষ্টাদশ শতকের শাক্ত পদকার রামপ্রসাদ সেনের কবিপ্রতিভার সংক্ষিপ্ত পরিচয় দাও।

৭। সংক্ষেপে পূর্ণবাক্যে উত্তর দাও।

(ক) 'শ্রীকৃষ্ণকীর্তন' কাব্যের শেষ খণ্ডটির নাম কী?

(খ) চর্যাগীতির সংস্কৃত টীকাকারের নাম কী?

(গ) 'শ্রীকৃষ্ণকীর্তন' কাব্যটি কে, কোথা থেকে আবিষ্কার করেন?

(ঘ) 'প্রাকৃতপৈঙ্গল' কোন ভাষায় রচিত?

(ঙ) 'শ্রীচৈতন্যচরিতামৃত' গ্রন্থের রচয়িতার নাম কী?

(চ) গৌড়েশ্বর মালাধর বসুকে কি উপাধি দিয়েছিলেন?

(ছ) কাশীরাম দাস কোন শতকের কবি ছিলেন?

(জ) কোন পর্যায়ের পদে বিদ্যাপতি শ্রেষ্ঠত্ব লাভ করেছিলেন?

(ঝ) 'রাঢ়ের জাতীয় মহাকাব্য' কোন মঙ্গলকাব্যকে বলা হয়?

(ঞ) 'চণ্ডীমঙ্গল' কাব্যের দুজন প্রধান কবির নাম লেখো।

(ট) নারায়ণ দেব কোন মঙ্গলকাব্যের রচয়িতা?

(ঠ) শাহ মহম্মদ সগীর রচিত গ্রন্থের নাম লেখো।

(ড) সৈয়দ আলাওলের অনূদিত দুটি কাব্যের নাম লেখো।

(ঢ) বাংলা ভাষায় মহাভারতের প্রথম অনুবাদকের নাম লেখো।

(ণ) শাক্ত পদকার কমলাকান্ত ভট্টাচার্য কোথায় জন্মগ্রহণ করেন?

৫

৫

১×১৫